প্রথম আলো

তারিখ ১৪ OCT 2016
পৃষ্ঠা

# সাহায্য ছাড়াই শ্বাস-প্রশ্বাস নিচ্ছেন খাদিজা

নিজস্ব প্রতিবেদক ●



খাদিজা বেগম

সিলেট সরকারি মহিলা কলেজের ছাত্রী খাদিজা বেগম নার্গিস কোনো সাহায্য ছাড়াই শ্বাস-প্রশ্বাস নিতে পারছেন। গতকাল বৃহস্পতিবার স্কয়ার হাসপাতালের চিকিৎসকেরা তাঁর শরীর থেকে ভেন্টিলেটর খুলে নেন। সন্ধ্যায় এ তথ্য জানান স্বাস্থ্যমন্ত্রী মো. নাসিম।

৩ অক্টোবর ছাত্রলীগের শাহজালাল বিশ্ববিদ্যালয় শাখার সহসম্পাদক বদরুল আলম খাদিজাকে কুপিয়ে আহত করেন। তিনি এমসি কলেজ থেকে পরীক্ষা দিয়ে ফেরার পথে আক্রমণের শিকার হন। ঘটনাস্থলেই অচেতন হয়ে পড়েন তিনি। পরে অচেতন অবস্থায় স্কয়ার হাসপাতালে পৌঁছান ওই দিন দিবাগত রাতে। তখন থেকেই তিনি ভেন্টিলেটরে ছিলেন।

খাদিজার চিকিৎসক ও স্কয়ার হাসপাতালের নিউরোসার্জারি বিভাগের পরামর্শক রেজাউস সাত্তার বলেন, 'খাদিজা ভালো আছেন। নিজে নিজে শ্বাস নিতে পারছেন। প্রায়ই চোখ মেলে তাকাচ্ছেন এবং ডান হাত ও ডান পা নাড়ছেন। এখনো ডাকলে সাড়া দিচ্ছেন না, তবে অগ্রগতি আশাব্যঞ্জক।'

চিকিৎসকেরা আরও জানিয়েছেন, খাদিজা কোনো সহায়তা ছাড়া শ্বাস-প্রশ্বাস নিতে পারছেন কি না, এতে তাঁর মস্তিষ্কে আলাদাভাবে কোনো চাপ পড়ছে কি না, তা গভীরভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। খাদিজা শরীরের ডান পাশ নাড়াতে পারলেও বাঁ পাশ এখনো নাড়াতে পারছেন না। তাঁর অবস্থা সম্পর্কে আরও ভালোভাবে জানতে দু-তিন সপ্তাহ সময় লাগবে।

এদিকে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় স্বাস্থ্যমন্ত্রী মো. নাসিম খাদিজাকে দেখতে স্কয়ার হাসপাতালে যান। সেখান থেকে বেরিয়ে স্বাস্থ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, সরকার খাদিজার চিকিৎসার সব ব্যয়ভার বহন করবে।

খাদিজার বড় ভাই শাহিন আহমেদ তাঁর বোনের সুস্থতার জন্য দেশবাসীর কাছে দোয়া চেয়ে বলেন, 'আমার আম্মা খাদিজার আজকের (বৃহস্পতিবার) ব্যাপারে শুনেছেন।'